‘নজরুল-সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ’
কর্তৃক সত্যায়িত ও প্রমাণীকৃত স্বরলিপি অনুসরণে

# সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্সের নির্দেশিকা ও পাঠক্রম ২০২৪-২০২৮


প্রণয়ন

**খায়রুল আনাম শাকিল**

**সেলিনা হোসেন**

**সালাউদ্দিন আহমেদ**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কবি নজরুল ইনস্টিটিউট**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**‘নজরুল-সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ’**
**কর্তৃক সত্যায়িত ও প্রমাণীকৃত স্বরলিপি অনুসরণে**
**সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্সের**
**নির্দেশিকা ও পাঠক্রম ২০২৪-২০২৮**

**প্রকাশকাল**
পৌষ ১৪৩০/ জানুয়ারি ২০২৪

**প্রকাশক**
মো. রবিউল ইসলাম
সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
কবি নজরুল ইনস্টিটিউট
ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা ১২০৯

**মুদ্রক**
কবি প্রেস
৪৮৩-৪৮৬, গাউসুল আজম সুপার মার্কেট
নীলক্ষেত, ঢাকা ১২০৫

# প্রসঙ্গ-কথা

কবি নজরুল ইনস্টিটিউট আইন অনুসারে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবনসংশ্লিষ্ট কোন উপাদান, তাঁর সৃষ্ট সাহিত্য ও সঙ্গীত সংগ্রহপূর্বক অবিকৃতভাবে আধুনিক পদ্ধতিতে সংকলন, সংরক্ষণ ও সম্প্রসারণ হচ্ছে ইনস্টিটিউট-এর প্রধান কাজ। বিভিন্ন মাধ্যমে কবির অন্যতম শ্রেষ্ঠ ও অবিস্মরণীয় সৃষ্টি সঙ্গীত যথাযথ প্রশিক্ষণ ও মনোযোগ ব্যতীত বিভিন্ন পর্যায়ের গায়ক ও পরিবেশক কর্তৃক গীত ও পরিবেশিত হওয়ার পরিপ্রেক্ষিতে বিকৃতি ও ভুলের কবল থেকে মুক্ত করার প্রয়াসে এই ইনস্টিটিউট 'নজরুল সঙ্গীত সঠিক চেতনায়, ধারায় এবং পদ্ধতিতে প্রচারের জন্য' আইন অনুসারে নির্দেশিত। সেই লক্ষ্য অর্জনের নিমিত্ত ইনস্টিটিউট বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের জন্যে নজরুল সঙ্গীত প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে আসছে। নজরুল সঙ্গীতের প্রতি ভালবাসার অঙ্গীকার থেকে বাংলাদেশের বরেণ্য ও শীর্ষস্থানীয় নজরুল সঙ্গীত শিল্পীগণ এই প্রশিক্ষণ কোর্সগুলো অত্যন্ত নিষ্ঠাসহকারে পরিচালনা করে আসছেন। কিন্তু এই কোর্সগুলোর জন্যে কোন অনুমোদিত পাঠক্রম না থাকায় অনেক সময় প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন ও প্রশিক্ষণের মান নিয়ে প্রশ্ন উত্থাপিত হত। এই পরিপ্রেক্ষিতে কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের সম্মানিত চেয়ারম্যান প্রখ্যাত নজরুল সঙ্গীত শিল্পী জনাব খায়রুল আনাম শাকিল-এর সভাপতিত্বে বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী সালাউদ্দিন আহমদ এবং সেলিনা হোসেন-এর অংশগ্রহণে গঠিত কমিটি বিস্তারিত পরীক্ষা নিরীক্ষাক্রমে বিভিন্ন বয়সের প্রশিক্ষণার্থী ও বিভিন্ন মেয়াদী কোর্সের বিষয় বিবেচনায় রেখে সাম্মানিকভাবে একটি পাঠক্রম প্রণয়ন করে দিয়েছেন। উক্ত কমিটি প্রণীত পাঠক্রমটি কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের ৩০০তম সভায় উপস্থাপিত ও অনুমোদিত হয়।

এটিকে সকল প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী একটি নির্দেশক হিসেবে অনুসরণ করবেন মর্মে ইনস্টিটিউট প্রত্যাশা করে এই অর্থে যে, পাঠক্রমের বাইরের কোন গান আবশ্যকীয় ও নির্দেশিতগুলোর অতিরিক্ত হিসেবে প্রশিক্ষণার্থীদের কিংবা ইনস্টিটিউটের চাহিদা অনুসারে শেখানো যাবে তা থেকে এটি সম্মানিত প্রশিক্ষকগণকে কোনভাবে বারিত করেনা।

দেশবরেণ্য নজরুল সঙ্গীত শিল্পীদের প্রণীত এই পাঠক্রম 'সঠিক চেতনায়, ধারায় এবং পদ্ধতিতে' নজরুল সঙ্গীত পরিবেশনে সংশ্লিষ্ট সকলকে সক্ষম করে তুলবে এটিই আমাদের সকলের সযত্ন প্রত্যাশা।

**এ এফ এম হায়াতুল্লাহ**
নির্বাহী পরিচালক (গ্রেড-১)
কবি নজরুল ইনস্টিটিউট

# সূচিপত্র


নির্দেশিকা ১৩
পাঠক্রম ১৯
১. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু) (৬-১০ বছর) ১৯
২. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) (১০-১৪ বছর) ২০
৩. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) ২০
৪. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ) ২১
৫. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ) ২২
৬. উচ্চতর নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স ২৩
৭. নজরুল-সঙ্গীত ডিপ্লোমা কোর্স ২৫
৮. নজরুল-সঙ্গীত উচ্চতর ডিপ্লোমা কোর্স ২৬
৯. উচ্চাঙ্গ-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স ২৮
১০. প্রাথমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু) ২৯
১১. মাধ্যমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) ২৯
১২. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু) ৩০
১৩. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) ৩১

# পটভূমি

বাংলা সাহিত্যের অবিস্মরণীয় যুগস্রষ্টা কবি কাজী নজরুল ইসলাম। তিনি তাঁর বিস্ময়কর প্রতিভার যাদুস্পর্শে শুধু সাহিত্যে নয় সঙ্গীতেও রেখে গেছেন অতুলনীয় অবদান। বাঙালি জাতির সাহস, সৌন্দর্য ও শৈল্পিক অহংকারের মহত্তম নামটিও তাঁরই। বাংলাদেশের সাহিত্য, সঙ্গীত ও সংস্কৃতির প্রধান রূপকার এই মহান কবি আমাদের মানবিক চেতনারও প্রতীক। এজন্য তিনি আমাদের জাতীয় কবি। কাজী নজরুল ইসলামের জীবন ও সৃজনকালের অধিকাংশ সময় অবিভক্ত ভারতের পশ্চিমবঙ্গে বসবাস করলেও বাংলাদেশ রাষ্ট্রের স্থাপয়িতা এবং বাংলাদেশের অধিবাসী বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন ভারত সরকারের প্রধানমন্ত্রীর অনুমোদনে তাঁকে ১৯৭২ সনের ২৪ মে তারিখে স্বাধীন বাংলাদেশে নিয়ে এসে নাগরিকত্ব প্রদানের মাধ্যমে রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর বসবাসের ব্যবস্থা করে তাঁকে এদেশের জাতীয় কবির মর্যাদায় বরণ করেন। এরপর ১৯৮৪ সনে Nazrul Institute Ordinance-এর মাধ্যমে নজরুল ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হলে উল্লিখিত অধ্যাদেশের চেতনার ধারাবাহিকতায় পরবর্তীকালে ২০১৮ সনের কবি নজরুল ইনস্টিটিউট আইনের অধীনে এই প্রতিষ্ঠান কবির সাহিত্য, সঙ্গীতসহ সকল সৃষ্টিকর্ম দেশ ও বিদেশ থেকে সংগ্রহ, সংকলন ও সংরক্ষণ এবং এইগুলো অবিকৃতভাবে আধুনিক পদ্ধতিতে প্রকাশ এবং প্রচারের আইনী দায়িত্বপ্রাপ্ত হয়। কবি নজরুল ইনস্টিটিউট আইন ২০১৮-এর ৬ ধারা অনুসারে 'চেয়ারম্যান'-এর নেতৃত্বে গঠিত ৮ (আট) সদস্যের একটি ট্রাস্টি বোর্ড-এর অধীনে ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন ন্যাস্ত। দেশবরেণ্য নজরুল সঙ্গীত শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জনাব খায়রুল আনাম শাকিল বর্তমানে এই বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন।

**রূপকল্প (Vision)**

নজরুল চেতনাসমৃদ্ধ বাংলাদেশ

**অভিলক্ষ্য (Mission)**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সৃষ্টিকর্ম সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রচার ও প্রসারের মাধ্যমে দেশীয় সংস্কৃতির বিকাশ ও উৎকর্ষ সাধন ।

**কার্যাবলি (Function)**

- কবির সাহিত্য, সঙ্গীতসহ সকল সৃষ্টিকর্ম অনুশীলনে উৎসাহিত করা;
- কবির সাহিত্য, সঙ্গীতসহ সকল সৃষ্টিকর্ম দেশ ও বিদেশ হতে সংগ্রহ, সংকলন ও সংরক্ষণ করা এবং এইগুলোকে অবিকৃতভাবে আধুনিক পদ্ধতিতে প্রকাশ এবং প্রচার করা;
- কবির সাহিত্য, সঙ্গীতসহ সকল সৃষ্টিকর্মের উপর গবেষণা, প্রকাশনা, সংরক্ষণ এবং তা প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- নজরুল সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে কবির অবদান সম্পর্কিত বিষয়ে সম্মেলন, বক্তৃতা, বিতর্ক ও সেমিনারের আয়োজন করা;
- নজরুল সঙ্গীত ও সাহিত্য সম্পর্কিত পুস্তক, রেকর্ড, টেপ ও অন্যান্য সংগ্রহ সংরক্ষণের জন্য লাইব্রেরি এবং আর্কাইভস প্রতিষ্ঠা করা;
- নজরুল সঙ্গীত সঠিক চেতনায়, ধারায় এবং পদ্ধতিতে প্রচারের জন্য অবিকৃত বাণী ও সুরে স্বরলিপি তৈরি এবং গ্রহণযোগ্য মর্যাদায় গ্রামোফোন রেকর্ড, বাণিজ্যিক টেপ, চলচ্চিত্র, সিডি, ডিভিডি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, নূতন প্রযুক্তির মাধ্যম এবং বাংলাদেশে প্রকাশিত স্বরলিপির বইতে এইগুলির উপস্থাপনা তদারকি করা;
- নজরুল সঙ্গীত, নজরুল-সঙ্গীতভিত্তিক নৃত্য, নজরুল কবিতার কোরিওগ্রাফি এবং নজরুলের কবিতা আবৃত্তির যথার্থ প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- নজরুল সঙ্গীতশাস্ত্রে উচ্চতর ডিগ্রি প্রদানের ব্যবস্থা করা;
- নজরুল সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রত্যেক বৎসর, এতদ্‌সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এককভাবে অথবা যৌথভাবে ‘নজরুল পুরস্কার’ প্রদান করা;

- ইনস্টিটিউটের তথ্যাদির ওয়েবসাইটে সহজলভ্য এবং নিয়মিতভাবে হালনাগাদ করা;
- নজরুলের সৃষ্টির প্রচার ও প্রসারের জন্য সকল সাহিত্যকর্ম, স্বরলিপি এবং অবিকৃত বাণী ও সুরে গীত-সঙ্গীত ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা;
- পৃথিবীর বিভিন্ন ভাষায় কবির সাহিত্যকর্মের অনুবাদ প্রকাশ ও বিশ্বব্যাপী প্রচারের ব্যবস্থা করা; এবং
- আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্যান্য কার্য ও বিষয় সম্পাদন করা।

**অর্জন (২০২৩)**

- নজরুল-সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদের সভা নিয়মিতকরণ।
- সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্সের কারিকুলাম ও পাঠক্রম তৈরি।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উদযাপন।
- বঙ্গবন্ধুর বাংলাদেশে নজরুলের আগমন দিবস ২৪ মে উদযাপন।
- বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন।
- গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উদযাপন।
- শেখ রাসেল দিবস উদযাপন।
- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উদযাপন।
- সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্সসমূহের চূড়ান্ত পরীক্ষা গ্রহণ।
- ইংরেজি জার্নালের জন্য আই.এস.এস.এন গ্রহণ ।
- নজরুল-বিষয়ক পিএইচ-ডি ডিগ্রিধারীদের ডাটাবেজ তৈরি।
- ওয়েব পোর্টল আপডেট করার মাধ্যমে ইউটিউব চ্যানেলে প্রমিত নজরুল-সঙ্গীত স্বরলিপিসহ ‘আপলোড’।
- ‘নজরুল সরোবর’ স্থাপনের বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে তথ্যগত সহায়তা প্রদান। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বাংলা ও ইংরেজি ভাষ্যে পাথর খোদাই করার নিমিত্ত ৬টি কবিতা, ডিসপ্লে করার জন্য ২৫টি কবিতা, নজরুলের জীবনের বিশেষ ঘটনা, নজরুলের স্বকণ্ঠে গাওয়া গানের তালিকা, তাঁর পছন্দের খাবার ইত্যাদি নির্বাচন।

- নজরুলের ‘বিদ্রোহী’ কবিতাকে ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ হিসেবে ঘোষণার প্রস্তাব পাঠানোর নিমিত্ত সবচাইতে প্রতিনিধিত্বশীল ইংরেজি অনুবাদ নির্বাচনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ ।
- নজরুল-সঙ্গীতের অবিস্মরণীয় শিল্পী ফিরোজা বেগমের জন্মোৎসব পালন।
- আদি গ্রামোফোন রেকর্ডে ধারণকৃত নজরুল-সঙ্গীতের ইউটিউব চ্যানেল উদ্বোধন।
- পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন।
- নজরুল-সাহিত্য ও সঙ্গীত ভাবনা সম্প্রসারণ সংক্রান্ত কর্মশালা ও সাংস্কৃতিক উৎসব।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৭তম মৃত্যুবার্ষিকী পালন।
- বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন।
- প্রখ্যাত নজরুল-সঙ্গীত শিল্পী খালিদ হোসেনের জন্মোৎসব পালন।

**চলমান কার্যক্রম**

- নজরুলের নির্বাচিত রচনার সংকলন ‘আবশ্যিক নজরুল’ শিরোনামে বাংলা ও ইংরেজি ভাষায় প্রকাশ।
- নজরুলসমগ্র ইংরেজিতে অনুবাদ।
- বাংলা ও ইংরেজি জার্নাল প্রকাশ নিয়মিতকরণ।
- প্রামাণ্য নজরুল জীবনী বাংলা ও ইংরেজিতে প্রকাশ।
- নজরুলের জীবন ও সাহিত্য নিয়ে যাঁরা গবেষণা করে পিএইচ-ডি ডিগ্রি অর্জন করেছেন তাঁদেরকে ‘সম্মাননা’ প্রদান।

**গবেষণা ও প্রকাশনা**

কবি নজরুল ইনস্টিটিউট জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংগ্রামমুখর বর্ণাঢ্য জীবন এবং সাহিত্য ও সঙ্গীতসহ তাঁর সামগ্রিক অবদান সম্পর্কে চার শতাধিক গ্রন্থ, এবং ৪৯টি সিডি প্রকাশ করেছে। গ্রন্থগুলোর মধ্যে নজরুলের কাব্যগ্রন্থ, সঙ্গীতগ্রন্থ, উপন্যাস, প্রবন্ধ, ছোটগল্পসহ অন্যান্য নজরুল বিষয়ক গবেষণাগ্রন্থ এবং নজরুল-সঙ্গীত স্বরলিপি গ্রন্থ, পত্রিকা, জার্নাল, বক্তৃতামালা, অ্যালবাম, পোস্টার ইত্যাদি অন্যতম।

### নজরুল সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ

আদি গ্রামোফোন রেকর্ডে ধারণকৃত নজরুল সঙ্গীতের বাণী ও সুর অনুযায়ী স্বরলিপি প্রমাণীকরণের জন্য সরকার নজরুল সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ গঠন করেছে। উক্ত পরিষদ কর্তৃক কবি নজরুল ইসলামের সুস্থাবস্থায় প্রকাশিত আদি গ্রামোফোন রেকর্ড-এর বাণী ও সুর অনুসরণে নজরুল-সঙ্গীতের স্বরলিপির সত্যায়ন ও শুদ্ধতা যাচাই করে স্বরলিপি গ্রন্থ প্রকাশ করা হয়। ইতোমধ্যে নজরুল-সঙ্গীত স্বরলিপি ৫৫ খণ্ডে (প্রতি খণ্ডে ২৫টি করে) ১৩৭৫টি শুদ্ধ নজরুল সঙ্গীতের স্বরলিপি প্রকাশিত হয়েছে।

### নজরুল-সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্স

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের গান যথাযথভাবে পরিবেশন, প্রচার ও প্রসারের উদ্দেশ্যে নজরুল ইনস্টিটিউটের তত্ত্বাবধানে নজরুল সঙ্গীতের আদি গ্রামোফোন রেকর্ডের বাণী ও সুর অনুসরণে এবং নজরুল ইনস্টিটিউট প্রকাশিত প্রামাণ্য স্বরলিপিগ্রন্থ সহযোগে ১৯৮৯ সাল থেকে নজরুল সঙ্গীতের শিল্পী ও শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। বেতার ও টেলিভিশনের তালিকাভুক্ত নজরুল সঙ্গীতশিল্পী ও বিভিন্ন সঙ্গীত একাডেমির শিক্ষকরা নিয়মিত নজরুল ইন্সটিটিউটের প্রশিক্ষণ কক্ষে এই প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া বৎসরব্যাপী শিশু-কিশোর এবং তরুণদের পৃথক পৃথক নজরুল সঙ্গীতপ্রশিক্ষণ কোর্স চালু রয়েছে। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা শুদ্ধভাবে প্রচার ও প্রসারের লক্ষ্যে নজরুল ইনস্টিটিউটে শিশু-কিশোর এবং তরুণদের পৃথক পৃথক নিয়মিত আবৃত্তি প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। বেতার, টেলিভিশন ও মঞ্চের আবৃত্তি শিল্পীদের পাশাপাশি বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুলের ছাত্র-ছাত্রীরা এই প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়ে থাকে। উল্লেখ্য, এ পর্যন্ত বিভিন্ন সময়ে তরুণদের তিনটি কোর্সের মাধ্যমে তিন শতাধিক আবৃত্তিশিল্পীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ ছাড়াও শিশু-কিশোরদের নজরুল-সঙ্গীত-ভিত্তিক নৃত্য প্রশিক্ষণ কোর্স চালু রয়েছে।

### নজরুল-স্মৃতি পদক/নজরুল পদক/নজরুল পুরস্কার

নজরুল-বিষয়ক বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে নজরুল গবেষণা, নজরুল সঙ্গীত সাধনায় যাঁরা অনন্যসাধারণ অবদান রেখেছেন তাঁদের পুরস্কৃত করাও নজরুল ইনস্টিটিউটের অন্যতম উদ্দেশ্য। ১৯৮৬ সাল থেকে বর্তমান পর্যন্ত কবি নজরুল ইনস্টিটিউট ৪৩ জন গুণী ব্যক্তিত্বকে পুরস্কৃত করেছে।

**গ্রন্থাগার**

কবি নজরুল ইনস্টিটিউটের একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। গ্রন্থাগারে কবির গ্রন্থাবলি, রচনাবলি, নজরুল বিষয়ক গ্রন্থাদি ছাড়াও নজরুল গবেষণার জন্য প্রয়োজনীয় গ্রন্থাদি এবং সাহিত্য-সংস্কৃতি ও অন্যান্য বিষয়ক উল্লেখ্যযোগ্য সংখ্যক দেশী-বিদেশী মূল্যবান বইপত্র পত্রিকা রয়েছে। বিভিন্ন গ্রন্থাদি ছাড়াও গ্রন্থাগারে রয়েছে নজরুলের হাতের লেখা পাণ্ডুলিপি, আদি গ্রামোফোন রেকর্ড, নজরুল সঙ্গীতের অডিও ক্যাসেট ও সিডি এবং কবির বিভিন্ন স্মৃতিচিহ্ন। কবি নজরুল ইনস্টিটিউট গ্রন্থাগারে নজরুল রচনা ও নজরুল-বিষয়ক গ্রন্থ, পত্র-পত্রিকার সংগ্রহ দেশের সর্বোচ্চ।

**মিলনায়তন**

জাতীয় কবির নামাঙ্কিত দেশের একমাত্র সরকারি প্রতিষ্ঠান নজরুল ইনস্টিটিউট ধানমণ্ডি লেকের পাশে এক নৈসর্গিক পরিবেশে অবস্থিত। ইনস্টিটিউটে রয়েছে ৩০০-র অধিক আসনের আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম ও মৃত্যুবার্ষিকীসহ সরকার নির্দেশিত নিজস্ব বিভিন্ন জাতীয় অনুষ্ঠান এ অডিটোরিয়ামে আয়োজন করা হয়ে থাকে।

**প্রকাশনা বিক্রয় কেন্দ্র**

কবি নজরুল ইনস্টিটিউট প্রকাশিত যাবতীয় প্রকাশনা বিক্রয়ের জন্য ঢাকার ধানমণ্ডিস্থ ইনস্টিটিউটের নীচতলায় রয়েছে নিজস্ব বিক্রয় কেন্দ্র। অফিস সময়ে বিক্রয় কেন্দ্র থেকে নির্ধারিত কমিশনে সব ধরনের প্রকাশনা বিক্রয় করা হয়ে থাকে। এ ছাড়াও কুমিল্লা ও ময়মনসিংহ কেন্দ্রেও প্রকাশনা বিক্রয়ের ব্যবস্থা রয়েছে।

**নজরুল কর্নার**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম-মৃত্যুবার্ষিকীসহ বছর জুড়ে দেশ-বিদেশের নজরুল ভক্ত ও বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ ঢাকা বিশ্ববিদ্যালয়ে কবির সমাধিসৌধ পরিদর্শনের জন্য আসেন। অনেকেরই কবির রচনা ও সুভিনিয়র স্মৃতি হিসাবে সংগ্রহের ইচ্ছা থাকলেও গ্রন্থগুলো কাছে না পাওয়ার কারণে তা সংগ্রহ করতে পারতেন না। অথচ বিদেশে কবি-সাহিত্যিকদের সমাধিস্থলে তাঁদের কর্ম, সৃষ্টি সম্ভার এবং বিভিন্ন স্যুভিনিয়র প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা রাখা হয়। এই উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদ সংলগ্ন জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধি সৌধটির প্রধান ফটকে স্থাপিত হয়েছে ‘নজরুল

কর্নার'। এখানে কবি নজরুল ইনস্টিটিউট প্রকাশিত কবির রচনাবলি, নজরুল বিষয়ক গবেষণাধর্মী গ্রন্থ, পত্র-পত্রিকা, জার্নাল ইত্যাদি প্রকাশনা নিয়মিত প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**আলোচনা-সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম-মৃত্যুবার্ষিকী উদযাপনসহ বাংলাদেশের জাতীয় দিবসসমূহ, বাংলা নববর্ষ, ঈদ-ই-মিলাদুন্নবী প্রভৃতি দিবসে বিষয়ভিত্তিক আলোচনা, বিভিন্ন গ্রুপে সুন্দর হাতের লেখা, চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও নজরুল-সঙ্গীতের প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন সময়ে বিষয়ভিত্তিক সেমিনার এবং বিভাগীয় পর্যায়ে নজরুল সম্মেলনের আয়োজন করা হয়।

**বইমেলা**

নজরুল রচনাসহ নজরুল বিষয়ক রচনা নজরুল-গবেষণা, নজরুল অনুরাগী পাঠকসহ সকল পাঠকের কাছে সহজলভ্য করার জন্য কবি নজরুল ইনস্টিটিউট মাঝে মাঝে বইমেলার আয়োজন করে। এছাড়া বাংলাদেশে আয়োজিত বিভিন্ন বইমেলায় (জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত আন্তর্জাতিক ঢাকা বইমেলা, বাংলা একাডেমি আয়োজিত একুশে বইমেলা প্রভৃতি) এই ইনস্টিটিউট নিজস্ব প্রকাশনা উপস্থাপনা করে। দেশের বাইরে কলকাতা বইমেলায়ও কবি নজরুল ইনস্টিটিউট নিয়মিত অংশগ্রহণ করে থাকে।

**প্রকল্প বাস্তবায়ন**

'ঢাকাস্থ কবি নজরুল ইনস্টিটিউটের নতুন ভবন নির্মাণ এবং ঢাকা, ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনের রিনোভেশন' শীর্ষক প্রকল্পটির অধীনে ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনগুলোর রিনোভেশন' ইতোমধ্যে সম্পাদিত হয়েছে। নির্মাণাধীন ১১তলা বিশিষ্ট ভবনের ৯ম তলার ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ৩০ জুন ২০২৪ এর মধ্যে সব ধরনের নির্মাণ কাজ সমাপ্ত করার মাধ্যমে প্রকল্প মেয়াদ সমাপ্ত হবে।

**জাতীয় কবির স্মৃতি সংরক্ষণ**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অজর অমর স্মৃতি বিজড়িত স্থান ময়মনসিংহের ত্রিশালের অন্তর্গত কাজীর সিমলা ও দরিরামপুর। নজরুল ১৯১৪ সালে দরিরামপুর হাই স্কুলের ছাত্র ছিলেন এবং কাজীর সিমলা ও দরিরামপুরে কিছুকাল অবস্থান করেন। দারোগা কাজী রফিজউল্লাহ কিশোর কবিকে বর্ধমানের আসানসোল থেকে কাজীর সিমলার নিয়ে এসেছিলেন। কবির বিভিন্ন

রচনায় এখানকার পরিবেশও জনজীবনের প্রভাব প্রতিফলিত হয়েছে। জাতীয় কবির স্মৃতি সংরক্ষণ এবং তাঁর জীবন ও সৃষ্টিকর্ম নিয়ে গবেষণার জন্য দরিরামপুর ও কাজীর সিমলায় সে-সব স্থান স্মৃতিকেন্দ্র হিসাবে গড়ে তোলা হয়েছে। কবির স্মৃতি বিজড়িত কাজীর সিমলা গ্রামের দারোগা বাড়িতে প্রতিষ্ঠা করা হয়েছে নজরুল-স্মৃতি পাঠাগার, মিলনায়তন ও বিশ্রামাগার। দরিরামপুর বিচুতিয়া বেপারী বাড়িতে নজরুল বিষয়ক জাদুঘর, পাঠাগার ও মিলনায়তন প্রতিষ্ঠা করা হয়েছে। এই বাড়ির কাছেই স্মৃতিধন্য ঐতিহাসিক বটতলায় প্রতিষ্ঠিত হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। আবার কবি নজরুল তাঁর জীবনকালে মোট পাঁচবার কুমিল্লায় এসেছিলেন। নজরুল সাহিত্যে কুমিল্লা পেয়েছে এক অনবদ্য স্থান। কুমিল্লার মানুষ নজরুলের কুমিল্লার প্রতি ভালবাসাকে আন্তরিকতার সঙ্গে গ্রহণ করেছে। নজরুলও সমানভাবে ভালবেসেছিলেন কুমিল্লা মাটি ও মানুষকে। ফলে কুমিল্লায় নজরুল চর্চা শুরু হয়েছে দেশ বিভাগের পূর্বে থেকেই। নজরুলের স্মৃতি সংরক্ষণ ও সৃষ্টি কর্মের প্রকাশ ও প্রচার করার লক্ষ্য ও উদ্দেশ্যে ২০১৩ খ্রিস্টাব্দে কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার পার্ক রোডস্থ ধর্মসাগরের উত্তর পাড়ে কুমিল্লা কবি নজরুল ইনস্টিটিউট কেন্দ্র স্থাপিত হয়েছে।

# নির্দেশিকা

**নিয়মাবলী :**

১. কবি নজরুল ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্স গবেষণা ও প্রকাশনা বিভাগের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

২. কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের ২৯৬ তম সভায় গঠিত কমিটি প্রশিক্ষণ প্রদানের মান সম্পর্কে রিভিউয়ের কাজ করবে।
রিভিউ কমিটি : জনাব খায়রুল আনাম শাকিল, বেগম সেলিনা হোসেন, জনাব সালাউদ্দিন আহমেদ, জনাব মোঃ ইদরিস আলী, জনাব মইদুল ইসলাম, ড. লীনা তাপসী খান, শিল্পী ফেরদৌস আরা এবং নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট।

৩. ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সসমূহ নিম্নরূপ :
   ১. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু)
   ২. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)
   ৩. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)
   ৪. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)
   ৫. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)
   ৬. উচ্চতর নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স
   ৭. নজরুল-সঙ্গীত ডিপ্লোমা কোর্স
   ৮. নজরুল-সঙ্গীত উচ্চতর ডিপ্লোমা কোর্স
   ৯. উচ্চাঙ্গ-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স
   ১০. প্রাথমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু)
   ১১. মাধ্যমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)
   ১২. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু)
   ১৩. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)

**ভর্তি প্রক্রিয়া :**

১. সকল বিভাগের ভর্তির বিজ্ঞপ্তি জাতীয় দৈনিকে যথারীতি প্রকাশ করা হয় এবং কবি নজরুল ইনস্টিটিউট ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

২. আবেদনপত্র কবি নজরুল ইনস্টিটিউট ওয়েব সাইট থেকে অথবা কবি নজরুল ইনস্টিটিউট থেকে সরাসরি সংগ্রহ করা যায়।

৩. বাছাই পরীক্ষায় উত্তীর্ণদের তালিকা কবি নজরুল ইনস্টিটিউট নোটিশ বোর্ডে এবং নজরুল ইনস্টিটিউট ওয়েব সাইটে প্রকাশ করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি জমা দিয়ে ভর্তি হতে হয়।
৪. ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটি দ্বারা ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়।

**ভর্তির ফি সমূহ**

সকল কোর্সের জন্য বার্ষিক ভর্তি ফি সর্বসাকুল্যে ২৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা)।

**ভর্তির শর্তাবলি :**

১. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু)। বয়স : ৬ থেকে ১০ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
২. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)। বয়স : ১০⁺ থেকে ১৪ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
৩. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)। বয়স : ১১ থেকে ১৫ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। শিশু কিশোরদের উচ্চাঙ্গ-সঙ্গীত – শিশু থেকে শিশু মাধ্যমিক কোর্সের শিক্ষার্থীদের জন্য ফ্রি ক্লাস। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
৪. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)। বয়স : ১৫⁺ থেকে ২২ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
৫. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)। বয়স : ১৬ থেকে ২৫ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৬. উচ্চতর নজরুল-সঙ্গীত কোর্স। বয়স : ২০ হতে তদূর্ধ্ব। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৭. নজরুল-সঙ্গীত ডিপ্লোমা কোর্স। বয়স : ২৫ হতে তদূর্ধ্ব। দুই বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৮. নজরুল-সঙ্গীত উচ্চতর ডিপ্লোমা কোর্স। ২৫ হতে তদূর্ধ্ব। দুই বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। কোনো সঙ্গীত প্রতিষ্ঠানের শিক্ষক, বেতার ও টেলিভিশনের তালিকাভুক্ত শিল্পী অথবা বিশেষ যোগ্যতা সম্পন্ন হতে হবে। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৯. উচ্চাঙ্গ-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স। তরুণ ও উচ্চতর শিক্ষার্থীদের জন্য ফ্রি ক্লাস। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১০. প্রাথমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু)। বয়স : ৬ থেকে ১২ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১. মাধ্যমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)। বয়স : ১৩ থেকে ২০ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১২. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু)। বয়স : ৬ থেকে ১০ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৩. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)। বয়স : ১০$^{+}$ থেকে ২০ বছর। এক বছর মেয়াদী (জানুয়ারি থেকে ডিসেম্বর)। ইনস্টিটিউট কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

**শিক্ষাবর্ষ**

জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত।

**উপস্থিতি**

১. প্রতিটি কোর্সের সর্বমোট ক্লাসের শতকরা ৫০% (পঞ্চাশ শতাংশ)।

**প্রশিক্ষণ ক্লাস**

ক. বুলবুল প্রশিক্ষণ কক্ষ : মূল ভবনের ষষ্ঠ তলায়।

খ. কামাল আতাতুর্ক সেমিনার কক্ষ : মূল ভবনের ষষ্ঠ তলায়।

গ দোলন-চাঁপা প্রশিক্ষণ কক্ষ : মূল ভবনের ষষ্ঠ তলায়।

**পরীক্ষার মান বণ্টন**

| ক্র. | কোর্সের নাম | নম্বর |
|---|---|---|
| ১. | প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু) | ১০০ |
| ২. | প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) | ১০০ |
| ৩. | মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) | ১০০ |
| ৪. | প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ) (নজরুল-সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ৫. | মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ) (নজরুল-সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ৬. | উচ্চতর নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (নজরুল-সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ৭. | নজরুল-সঙ্গীত ডিপ্লোমা কোর্স (নজরুল-সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ৮. | নজরুল-সঙ্গীত উচ্চতর ডিপ্লোমা কোর্স (নজরুল-সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ৯. | উচ্চাঙ্গ-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (উচ্চাঙ্গ সঙ্গীত ক্রিয়াত্মক ৫০ নম্বর + অ্যাসাইনমেন্ট ৫০ নম্বর) | ১০০ |
| ১০. | প্রাথমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু) | ১০০ |

| | | |
|---|---|---|
| ১১. | মাধ্যমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) | ১০০ |
| ১২. | নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু) | ১০০ |
| ১৩. | নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) | ১০০ |

**পরীক্ষা পদ্ধতি**

১. সকল বিভাগের কোর্স সমাপনী পরীক্ষা বিষয়ভিত্তিক একজন বহিরাগত পরীক্ষকের উপস্থিতিতে অনুষ্ঠিত হবে।

২. সকল বিভাগের কোর্স সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সনদ-পত্র প্রদান করা হবে।

**অনুষ্ঠানাদি**

১. প্রত্যেক বিভাগের শিক্ষার্থীদের প্রত্যেক সেমিস্টারের ক্রিয়াত্মক পরীক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব মিলনায়তনে বৎসরে দুইটি উন্মুক্ত অনুষ্ঠানের মাধ্যমে নেওয়া হবে।

২. নজরুল ইনস্টিটিউট আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

৩. কোন অনুষ্ঠানে অংশগ্রহণ বা যোগদানের ব্যাপারে প্রশিক্ষণার্থীদের নির্বাচন সংশ্লিষ্ট প্রশিক্ষক ও সংশ্লিষ্ট বিভাগের আওতাভুক্ত থাকবে।

**আচরণ ও শৃঙ্খলা :**

১. নজরুল ইনস্টিটিউটের স্বার্থে কাজ করা।

২. একাগ্রচিত্তে কাজের মাধ্যমে ইনস্টিটিউটের সম্মান ও ভাবমূর্তি উজ্জ্বল করা।

৩. কথা-বার্তা, হাঁটা-চলা, আচার-আচরণ, ভদ্রতা ও সংযমবোধ বজায় রাখা।

৪. ব্যক্তিগত চাল-চলন এবং পোষাক-পরিচ্ছদে সজাগ দৃষ্টি রাখা।

৫. পরিবেশ-পরিস্থিতির সাথে সামঞ্জস্যপূর্ণ আচার-আচরণ করা।

৬. সকলের সাথে মার্জিত ব্যবহার করা।

৭. সহশিল্পীদের প্রতি সহনশীল ও সহমর্মী হওয়া।

৮. নিয়ম-শৃঙ্খলা সঠিকভাবে মেনে চলা।

৯. পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রাখা।

১০. পরিচ্ছন্নতার প্রতি লক্ষ্য রাখা।

১১. আচরণে শালীনতা বজায় রাখা।

১২. সকলের সাথে ব্যবহারে ভদ্রোচিত ভাষা ব্যবহার করা।
১৩. ক্লাস শেষে সহপাঠীদের ধন্যবাদ জ্ঞাপন করা।
১৪. ধর্মীয় বিষয়ে পারস্পরিক শ্রদ্ধাবোধ রক্ষা করা।
১৫. শিক্ষকদের সাথে যোগাযোগ রক্ষা করা।
১৬ লাইব্রেরি ব্যবহারে প্রচলিত নিয়ম-কানুন মেনে চলা।
১৭. সহপাঠীদের প্রতি কটূক্তি, ব্যঙ্গোক্তি, অসংযত মন্তব্য বা ভাবভঙ্গী প্রকাশ না করা।
১৮. নির্ধারিত স্থানে থু-থু ও ছেঁড়া কাগজ-পত্র ফেলা।
১৯. অনুকরণীয় ব্যক্তিত্ব অর্জনের চেষ্টা করা।

# পাঠক্রম

## ১. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু) (৬-১০ বছর)

**ক. উচ্চাঙ্গ-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত, সুর, সপ্তক, ঠাট, আরোহণ, আবরোহণ, তুক্, বাদী ও সমবাদী, জাতি, তাল, মাত্রা, লয়, মীড় ও সারগাম-গীত।

২. দাদ্‌রা, কাহার্‌বা ও ত্রিতালের শাস্ত্রীয় পরিচয়।

৩. ব্যবহৃত তালগুলির বোল্ বা ঠেকাসহ হাতে তালি-খালি দেখিয়ে তাল শিক্ষা দেওয়া।

**খ. উচ্চাঙ্গ সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন তালে নিবদ্ধ ১০টি সারগাম বা পাল্টা শিক্ষা।

২. বিলাবল, কাফী ও ভৈরব রাগে লক্ষণগীত।

**গ. নজরুল-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. নজরুলের পারিবারিক পরিচিতি।

২. নজরুলের কয়েকজন সঙ্গীতগুরুর নাম।

৩. নজরুল রচিত শিশুতোষ গ্রন্থের নাম।

৪. নজরুল-সঙ্গীতের কয়েকজন আদি গ্রামোফোন রেকর্ডশিল্পীর নাম।

৫. নজরুলের জন্ম-মৃত্যু তারিখ।

**ঘ. নজরুল-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন পর্যায়ের ৮টি নজরুল-সঙ্গীত শিক্ষা (১. মোমের পুতুল মমীর দেশের মেয়ে, ২. প্রজাপতি, প্রজাপতি ৩. খেলিছে জলদেবী, ৪. ত্রিভুবনের প্রিয় মোহাম্মদ ৫. আমরা শক্তি আমরা বল, ৬. খেলি আয় পুতুল খেলা)।

২. নজরুল রচিত যে কোন শিশুতোষ নাটিকা থেকে ২টি নজরুল-সঙ্গীত শিক্ষা।

## ২. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর) (১০-১৪ বছর)

**ক. উচ্চাঙ্গ-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত (গীত-বাদ্য-নৃত্য), স্বর, সপ্তক পরিচিতি, ঠাট পরিচিতি, আরোহণ, অবরোহণ, তুক্, বাদী, সমবাদী, তাল-লয়-মাত্রা ও লক্ষণ-গীত।

২. দাদ্‌রা, কাহার্‌বা, ত্রিতাল ও তেওড়া তাল পরিচিতি।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন তালে নিবদ্ধ ১৫টি সারগাম বা পাল্টা বা লয়ভিত্তিক সারগাম শিক্ষা।

২. কাফী, খাম্বাজ, আশাবরী রাগে সারগামগীত এবং কমপক্ষে ২টি রাগে লক্ষণগীত শিক্ষা।

**গ. নজরুল-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. নজরুলের পারিবারিক পরিচিতিসহ সংক্ষিপ্ত জীবনী।

২. নজরুলের কয়েকটি শিশুতোষ নাটিকার নাম।

৩. ঢাকায় কবিভবনে নজরুলের আগমন ও অবস্থান।

**ঘ. নজরুল-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন পর্যায়ের ১০টি নজরুল-সঙ্গীত শিক্ষা (১. শিউলি তলায় ভোর বেলায়, ২. শুক্‌নো পাতার নূপুর পায়ে, ৩. রুম্ ঝুম্ ঝুম্ ঝুম্ খেজুর, ৪. মোরা ঝঞ্ঝার মত উদ্দাম, ৫. ও ভাই খাঁটি সোনার চেয়ে, ৬. দূর দ্বীপবাসিনী, ৭. চল্ চল্ চল্, ৮. হেরা হতে হেলে দুলে, ৯. জরীণ হরফে লেখা, ১০. মনের রঙ লেগেছে)।

## ৩. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)

**ক. উচ্চাঙ্গ সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত (গীত-বাদ্য-নৃত্য) স্বর, ঠাট পরিচিতি, তাল-লয়-মাত্রা, জাতি, তান, গ্রহস্বর ও লক্ষণ-গীত।

২. দাদ্‌রা, কাহার্‌বা, ত্রিতাল, ঝাঁপতাল, তেওড়া তাল পরিচিতি।

৩. আকারমাত্রিক স্বরলিপি পরিচিতি।

৪. স্কেল পরিচিতি।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন তালে নিবদ্ধ ২০টি সারগাম বা পাল্টা বা লয়ভিত্তিক সারগাম শিক্ষা।

২. কাফী, ইমন, ভৈরব রাগে লক্ষণ-গীত এবং যে কোন ২টি জনক রাগে দ্রুত-খেয়াল শিক্ষা।

**গ. নজরুল-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. নজরুল-সঙ্গীতের বিভিন্ন পর্যায়ের নাম।

**ঘ. নজরুল-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. ১০টি নজরুল-সঙ্গীত ( শিশুতোষ, আধুনিক, ঝুমুর, ইসলামি, দেশাত্মবোধক, জাগরণীমূলক ও লোকাঙ্গিক পর্যায় (১. যায় ঝিল্‌মিল্ ঝিল্‌মিল ঢেউ তুলে, ২. শুভ্র সমুজ্জ্বল হে-চির, ৩. চন্দ্র মল্লিকা, ৪. চম্‌কে চম্‌কে ধীর ভীরু পায়, ৫. এই আমাদের বাংলাদেশ, ৬. এলো এলো রে বৈশাখী ঝড়, ৭. আকাশে হেলান দিয়ে, ৮. সুন্দর অতিথি এসো এসো, ৯. অম্বরে মেঘ -মৃদঙ্ বাজে, ১০. প্রজাপতি প্রজাপতি)।

## ৪. প্রাথমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)

**ক. উচ্চাঙ্গ সঙ্গীত ( ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত ( গীত, বাদ্য, নৃত্য) জাতি, বর্ণ, স্বর ও সপ্তক পরিচিতি, তাল-লয়-মাত্রা, তিহাই।

২. দশ ঠাটের পরিচিতি।

৩. আকারমাত্রিক স্বরলিপি পদ্ধতি।

৪. দাদ্‌রা, কাহার্‌বা, একতাল, ত্রিতাল ঝাঁপতাল ও তেওড়া তালের পরিচয়।

৫. জীবনী (যে কোন ২টি) : তানসেন, পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে, ফৈয়াজ খাঁ, কমল দাশগুপ্ত, ইন্দুবালা, জগৎ ঘটক, নিতাই ঘটক।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন জনক রাগের স্বর সহযোগে পাল্টা শিক্ষা।

২. বিলাবল, ইমন, ভৈরব, ভৈরবী, কাফী, আশাবরী রাগের লক্ষণগীত ও সারগামগীত।

৩. দ্রুত খেয়াল (যে কোন ২টি রাগের) : বিলাবল, ইমন, বেহাগ, ভীমপলশ্রী ও মালকোষ।

**গ. নজরুল-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. নজরুলের সংক্ষিপ্ত জীবনী।

২. নজরুলের পর্যায়ভিত্তিক গান।

৩. নজরুলের সঙ্গীত ও স্বরলিপি গ্রন্থ সম্পর্কে আলোচনা।

৪. নজরুল সঙ্গীতের প্রমিত সুর ও বাণী।

**ঘ. নজরুল সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. নজরুল-সঙ্গীত ১৫টি ( ত্রিতাল, একতাল, ঝাঁপতাল ও তেওড়া তালে) [আধুনিক, ভক্তিমূলক,( ইমলামি ধর্মীয় ও হিন্দু ধর্মীয় গান), দেশাত্মবোধক, উদ্দীপনামূলক] (১. দাও শৌর্য দাও ধৈর্য হে, ২. চঞ্চল শ্যামল এলো গগনে, ৩. তোরা সব জয়ধ্বনি কর, ৪. হেমন্তিকা এসো এসো, ৫. আয় বনফুল ডাকিছে মলয়, ৬. এসো শারদ প্রাতের পথিক, ৭. আমি যার নূপুরের ছন্দ , ৮. আমার গানের মালা আমি, ৯. মোরা একবৃন্তে দু'টি কুসুম, ১০. আল্লাতে যার পূর্ণ ঈমান, ১১. সই পলাশ বনে রঙ ছড়ালো কে, ১২. কল্‌মা শাহাদতে আছে, ১৩. এসো প্রিয় মন রাঙায়ে, ১৪. ঝড় এসেছে ঝড় এসেছে, ১৫. গঙ্গা সিন্ধু নর্মদা, ১৬. কেন মনোবনে মালতী বল্লরী )।

## ৫. মাধ্যমিক নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স (তরুণ)

**ক. উচ্চাঙ্গ-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত (গীত-বাদ্য-নৃত্য), জাতি, বর্ণ, অলংকার, নাদ, তাল-মাত্রা-লয়, আলাপ ও বিস্তার।

২. স্কেল পরিচিতি।

৩. আকারমাত্রিক স্বরলিপি পদ্ধতি।

৪. দাদ্‌রা, কাহার্‌বা, ত্রিতাল, ঝাঁপতাল ও তেওড়া তালের পরিচিতি।

৫. জীবনী (যে কোন ২টি) : মিয়া তানসেন, হজরত আমীর খসরু, পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে , ওস্তাদ ফৈয়াজ খাঁ, ওস্তাদ মুন্‌শী রইস উদ্দিন, ওস্তাদ আলাউদ্দিন খাঁ।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. বিভিন্ন জনক রাগের স্বর সহযোগে পাল্টা শিক্ষা।

২. ইমন, ভৈরব, কাফী, ভৈরবী রাগে দ্রুত-খেয়াল শিক্ষা।

**গ. নজরুল-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. জীবনী ( যে কোন ২টি) : কমলদাশগুপ্ত, আব্বাসউদ্দিন আহমদ, ধীরেন্দ্র চন্দ্র মিত্র ও জগৎ ঘটক।

**ঘ. নজরুল-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. ত্রিতাল, একতাল, ঝাঁপতাল ও তেওড়া তাল সহ ১৫টি নজরুল-সঙ্গীত শিক্ষা (পর্যায় : আধুনিক, গজল, রাগ-প্রধান, ভক্তিমূলক (ইসলাম ও হিন্দু ধর্মীয় গান), দেশাত্মবোধক, উদ্দীপনা ও জাগরণীমূলক গান, লোকাঙ্গিক গান, নাটকের গান ও নজরুলসৃষ্ট রাগে গান)(১. ছন্দের বন্যা হরিণী অরণ্যা, ২. জাগো অনশন বন্দি ওঠরে যত, ৩. পরি জাফরানী ঘাগরি, ৪. বরষা ঋতু এলো এলো, ৫. মধুকর মঞ্জির বাজে, ৬. এলো ঐ বনান্তে পাগল বসন্ত, ৭. প্রভাত বীণা তব বাজে, ৮. সজ্ঘ শরণ তীর্থযাত্রা পথে, ৯. ঝিলের জলে কে ভাসালো, ১০. স্নিগ্ধ শ্যাম-বেণী বর্ণা, ১১. রুম ঝুম্ রুমু ঝুমু কে বাজায়, ১২. ধর্মের পথে শহীদ যাহারা, ১৩. আসে রজনী সন্ধ্যামণির, ১৪. ওই জলকে চলে লো, ১৫. যাই গো চলে যাই, ১৬. মদির আবেশে)।

## ৬. উচ্চতর নজরুল-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স

**ক. উচ্চাঙ্গ সঙ্গীত (ঔপপত্তিক)**

১. পরিভাষা : নাদ, ধ্বনি, জনকরাগ, পূর্বাঙ্গ, উত্তরাঙ্গ, কোমলস্বর, সমপদী, বিষমপদী, গমক, মুড়কি ও বোলতান।

২. আকারমাত্রিক স্বরলিপি সম্পর্কে ধারণা।

৩. দশটি ঠাটের বিস্তারিত আলোচনা।

৪. তাল প্রসঙ্গ : ত্রিতাল, ঝাঁপতাল, চৌতাল, কাহারবা, একতাল একগুণ ও দ্বিগুণ লয়ে পুনরায় অনুশীলন।

৫. জীবনী : ওস্তাদ আলাউদ্দিন খাঁ, ওস্তাদ ফৈয়াজ খাঁ, ওস্তাদ বড় গোলাম আলী খাঁ।

**খ. উচ্চাঙ্গ সঙ্গীত (ক্রিয়াত্মক)**

১. পূর্বের পাল্টা পুনঃ অনুশীলন।

২. রাগ : ইমন, বেহাগ, জৌন্পুরী, টোড়ী রাগের চর্চা।

**গ. নজরুল সঙ্গীত (ঔপপত্তিক)**

১. কাজী নজরুল ইসলামের ১০ খানি কাব্য গ্রন্থের নাম।
২. নজরুল সঙ্গীতের ২০টি পর্যায়ের নাম ও তাতে নিবদ্ধ গানের প্রথম পঙ্‌ক্তির উল্লেখ।
৩. ১০ জন আদি গ্রামোফোন রেকর্ড শিল্পীর নাম ও তাঁদের গীত গানের প্রথম লাইন গুলির উল্লেখ।
৪. হারামনি ও নবরাগ সম্পর্কে ধারণা।
৫. অন্ততপক্ষে ৫ খানি নাটকের গানের প্রথম লাইন গুলির উল্লেখ (নাটকের নাম উল্লেখ সহ)।

**ঘ. নজরুল সঙ্গীত ( ক্রিয়াত্মক)**

(**দেশাত্মবোধক :** ১. ঝড় ঝঞ্ঝার ওড়ে নিশান, ২. বল নাহি ভয়, নাহি ভয়, ৩. জয় হোক, জয় হোক, ৪. আজি রক্ত নিশি ভোরে; **আধুনিক :** ১. কে তুমি দূরের সাথি, ২. নদীর স্রোতে মালার কুসুম, ৩. মুখে কেন নাহি বল, ৪. ভীরু এ মনের কালি, ৫. ওগো প্রিয় তব গান, ৬. পলাশ ফুলের গেলাস ভরি; **গজল :** ১. ঐ ঘর ভোলানো সুরে, ২. কাছে আমার নাই বা এলে, ৩. চেয়ো না সুনয়না, ৪. কার নিকুঞ্জে রাত কাটায়ে, ৫. পিও হে প্রিয় শরাব, ৬. জানি জানি প্রিয়, ৭. লায়লী লায়লী ভাঙিয়ো না ধ্যান, ৮. খেলিছ এ বিশ্বলয়ে; **রাগপ্রধান :** ১. নিশি নিঝুম ঘুম নাহি আসে, ২. অঞ্জলি লহ মোর সঙ্গীতে, ৩. নিশি রাতে রিম্ ঝিম্ ঝিম্, ৪. তুমি আমার সকাল বেলার সুর, ৫. মোর প্রথম মনের মুকুল, ৬. অরুণ কান্তি কে গো যোগী; **ইসলামি :** ১. আয় মরু পারের হাওয়া, ২. আমি যদি আরব হতাম, ৩. খোদা এই গরিবের শোন, ৪. হে নামাজী আমার ঘরে, ৫. খাতুনে জান্নাত ফাতেমা জননী ; **শ্যামা/ভজন/ভক্তি :** ১. জগৎ জুড়ে জাল ফেলেছিস্, ২. থির্ হয়ে তুই বোস দেখি মা, ৩. ওগো অন্তর্যামী, ৪. ওরে নীল যমুনার জল, ৫. ওকে উদাসী বেণু বাজায়, ৬. জাগো যোগমায়া, ৭. খেলিছ এ বিশ্ব লয়ে; **লোকগীতি :** ১. মেঘ বরণ কন্যা থাকে, ২. তোর রূপে সই গাহন করে, ৩. বাঁশি বাজায় কে কদম তলায়; **কাজরি :** ১. আবার শ্রাবণ এলো ফিরে, ২. শাওন আসিল ফিরে; **ঝুলন :** ১. দোলে বন তমালের ঝুলনাতে, ২. দোলে ঝুলন দোলায়, **ঠুম্‌রি :** ১. মোর না মিটিতে আশা, ২. সুরে ও বাণীর মালা দিয়ে, ৩. এ কোন মায়ায় ফেলিলে আমায়; **ঝুমুর :** ১. রাঙা মাটির পথে লো, ২. কানে আজো বাজে আমার, ৩. চুড়ির তালে নুড়ির মালা, ৪. ঝুমরা নাচ নেচে কে এলো; **চলচ্চিত্র ও**

**নাটক :** ১. চোখ গেল চোখ গেল, ২. এ কূল ভাঙে ও কূল গড়ে; **কীর্তন :** ১. বাজে মঞ্জুল মঞ্জির রিনিকি ঝিনি)।

## ৭. নজরুল-সঙ্গীত ডিপ্লোমা কোর্স

**ক. উচ্চাঙ্গ সঙ্গীত (ঔপপত্তিক)**

১. **পরিভাষা :** জনক রাগ, আশ্রয় রাগ, জন্যরাগ, গ্রহস্বর, ন্যাস, সন্ধিপ্রকাশ রাগ, গায়কী, অতাঙ্গ, ঘরানা।

২. ১০ টি ঠাটের মধ্যে অন্তত পক্ষে ৫ টি ঠাটের অন্তর্গত ৫ টি রাগের চর্চা (ললিত, বাগেশ্রী, মেঘ, বৃন্দাবনী সারং, শুদ্ধসারং)।

৩. **জীবনী :** ওস্তাদ আমীর খাঁ, ওস্তাদ বিলায়েত খাঁ, ওস্তাদ জমিরউদ্দিন খাঁ।

৪. বিলম্বিত তাল ও খেয়াল সম্পর্কে প্রাথমিক ধারণা (তাল একতাল, ত্রিতাল)।

**খ. উচ্চাঙ্গ সঙ্গীত (ক্রিয়াত্মক)**

১. উপরিউল্লিখিত ৫টি রাগের ছোট খেয়াল।

২. কাজী নজরুল ইসলাম যে রাগ গুলির উপরে গান রচনা করেছেন সেই রাগ এবং গান বেশি চর্চা করতে হবে।

৩. মিঞাকি টোড়ী, আশাবরী, মূলতানী, বাগেশ্রী, বেহাগ, ভীমপলশ্রী রাগ গুলির চর্চা করতে হবে।

**গ. নজরুল সঙ্গীত (ঔপপত্তিক)**

১. সংজ্ঞা লিখ : ১. শ্যামাসঙ্গীত, ২. হোরী বা হোলী, ৩. ইসলামী গান, ৪. টপ্পা, সাদ্‌রা, খেয়াল, ঠুমরী, ৫. ভাটিয়ালী, ৬. ঝুমুর, ৭. লেটোগান।

**ঘ. নজরুল সঙ্গীত ( ক্রিয়াত্মক)**

**দেশাত্মবোধক :** ১. স্বদেশ আমার জানিনা, ২. আজি রক্তনিশি ভোরে, ৩. দুর্গম গিরি কান্তার মরু। **গজল :** ১. যাক না নিশি গানে গানে, ২. আমারে চোখ ইশারায়, ৩. গুলবাগিচার বুলবুলি, ৪. আামি যেদিন রইবো না গো, ৫. সে চলে গেছে বলে। **ইসলামী গান :** ১. ত্রাণ কর মওলা, ২. মোহাম্মদের নাম জপেছিলি, ৩. নতুন করে রে জওয়ান, ৪. শোন শোন ইয়া ইলাহী। **শ্যামা, ভজন ও ভক্তিমূলক :** ১. যার মেয়ে ঘরে ফিরলো

না, ২. ওমা কালি সেজে ফিরলি, ৩. জগতের নাথ কর পার। **রাগ প্রধান :** ১. ভোরের হাওয়া এলে, ২. রসঘন শ্যাম কল্যাণ, ৩. জাগো জাগো খোলগো আঁখি, ৪. বরষা ঐ এলো বরষা, ৫. ঝর ঝর বারি ঝরে অম্বর ব্যাপিয়া। **আধুনিক :** ১. মনে রাখার দিন, ২. মনে পড়ে আজ, ৩. ভুলে যেও ভুলে যেও, ৪. সাঁঝের পাখিরা ফিরিল কুলায়, ৫. তুই কে ছিলি তাই বল, ৬. শুন্য এ বুকে পাখি মোর। **কাজরী :** ১. আসিলে এ ভাঙা ঘরে, ২. রিম ঝিম রিম ঝিম ঝিম। **ঠুমরী :** ১. মোর না মিটিতে আশা ভাঙিলো খেলা, ২. না মিটিতে সাধ মোর নিশি। **হিন্দিসঙ্গীত :** ১. প্রেম নগরকা ঠিকানা করলে, ২. গুলশানকো চুমচুম কহতি বুলবুল। **হারামনি পর্যায় :** ১. চৈতালী চাঁদিনী রাতে (মধুমাধবী সারাং), ২. বসন্ত মুখর আজি ( বসন্তমুখারী)। **নবরাগ পর্যায় :** ১. মৃত্যু নাই নাই দুঃখ (আশা ভৈরবী), ২. শংকর অঙ্গলীনা যোগমায়া (শংকরী)। **নবতাল পর্যায় :** নবতাল পর্যায়ের যে কোন ২টি গান। **কীর্তন :** ১. আমি কলহেরি তরে কলহ করেছি, ২. নব কিশলয় রাঙা শয্যা পাতিয়া।

## ৮. নজরুল-সঙ্গীত উচ্চতর ডিপ্লোমা কোর্স

**ক. উচ্চাঙ্গ-সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : সঙ্গীত (গীত, বাদ্য, নৃত্য), আবির্ভাব, স্পর্শস্বর, তেহাই, নাদ্‌, অনুবাদীস্বর, গায়কী, নায়কী, আশ্রয় রাগ, অনিবদ্ধ গান, আভোগ, আলাপ, কলাবন্ত, ছায়ালগ, নাদ্‌ ও শ্রুতি।

২. জীবনী (যে কোন ২টি ) : ১. পণ্ডিত জ্ঞান প্রকাশ ঘোষ, ২. সদারঙ্গ, ৩. তানসেন, ৪. হজরত আমীর খসরু।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. পূর্বের শ্রেণিতে শেখানো ৫ টি ঠাটের পরবর্তী ৫ টি ঠাটের ছোট খেয়াল অনুশীলন।

২. একতাল, সুরফাঁকতাল, ঝাঁপতাল, ত্রিতাল, চৌতাল পুনরায় অনুশীলন।

৩. নজরুল সঙ্গীতে বেশি ব্যবহৃত হয়েছে এমন ৫টি রাগের অনুশীলন (আহীর ভৈরব, বসন্ত মুখারী, মালকোষ, দেশ, জয়জয়ন্তী, ভীম পলশ্রী ও ছায়ানট)।

**গ. নজরুল সঙ্গীত (ঔপপত্তিক) :**

১. পরিভাষা : ভজন, দাদরা, বিদেশীসুর, ঝুলন, কাজরী।
২. নবরাগ (নজরুল-সৃষ্ট রাগ), নবতাল (নজরুল-সৃষ্ট তাল)।
৩. ১০টি নবরাগ (নজরুল-সৃষ্ট রাগ) পর্যায়ের গানের প্রথম লাইন গুলির উল্লেখ।
৪. নবতাল (নজরুল-সৃষ্ট তাল) : তাল গুলিল নাম ও তাতে নিবদ্ধ গানগুলির প্রথম পংক্তির উল্লেখ।
৫. ২ খানি হারামনি, ২ খানি নবরাগ (নজরুল-সৃষ্ট রাগ) ও ২ খানি নবতাল (নজরুল-সৃষ্ট তাল) পর্যায়ের গান গুলি চর্চা করতে হবে।
৬. জীবনী : যে কোন ২টি : আব্বাস উদ্দিন আহমেদ, কমল দাশগুপ্ত , জ্ঞানেন্দ্র প্রসাদ গোস্বামী, কমলা ঝরিয়া ও শচীন দেববর্মন।
৭. কাজী নজরুলের সঙ্গীত জীবন।
৮. নজরুল সঙ্গীত শিল্পীর দোষ ও গুনাবলী।
৯. প্রমিত সুরে নজরুল সঙ্গীতের চর্চা ও প্রসারে কবি নজরুল ইনস্টিটিউটের ভূমিকা।

**ঘ. নজরুল সঙ্গীত ( ক্রিয়াত্মক) : দেশাত্মবোধক :** ১. শংকা শুন্য লক্ষ কণ্ঠে, ২. নবীন আশা জাগলো যে রে আজ, ৩. শ্যামলা বরণ বাংলা মায়ের, ৪. বল ভাই মাভৈঃ মাভৈঃ। **গজল :** ১. আসলো যখন ফুলের ফাগুন, ২. কেন ফোটে কেন কুসুম ঝ'রে যায়, ৩. গহীন রাতে ঘুম কে এলে ভাঙাতে, ৪. এসো বঁধু ফিরে এসো, ৫. পলাশ মঞ্জরী পারায়ে দে লো, ৬. কেউ ভোলে না কেউ ভোলে, ৭. কে এলে মোর ব্যথার গানে, ৮. তোমার বুকের ফুলদানিতে, ৯. মুসাফির মোছরে আঁখিজল, ১০. পরদেশী বঁধূয়া এলে কি এতদিনে। **রাগপ্রধান :** ১. কুহু কুহু কুহু কুহু কোয়েলিয়া, ২. নীলাম্বরি শাড়ি পরি, ৩. ওর নিশীথ-সমাধি ভাঙিও না, ৪. নুপুর মধুর রুনু ঝুনু বোলে, ৫. প্রথম প্রদীপ জ্বালো, ৬. ধুলি পিঙ্গল জঠাজুট মেলে, ৭. পিউ পিউ বিরহী পাপিয়া বোলে। **আধুনিক :** ১. এখনো মেটেনি আশা এখনো মেটেনি স্বাদ, ২. চৈতী চাঁদের আলো আজ ভালো, ৩. ভুল করে যদি ভালোবেসে থাকি, ৪. গভীর নিশীথে ঘুম ভেঙে যায়, ৫. কথা কও কও কথা থাকিওনা, ৬. লায়লী তোমার এসেছে ফিরিয়া, ৭. বঁধু তোমার আমার এই যে বিরহ, ৮. হে প্রিয় তোমার আমার মাঝে, ৯. তুমি শুনিতে চেওনা আমার মনের কথা। **ইসলামী :** ১. মরু সাহারা আজি মাতোয়ারা, ২. ত্রাণ কর মওলা, ৩. মোহাম্মদের নাম জপেছিলি, ৪. চলরে কাবার

জিয়ারতে, ৫. ইসলামের ঐ সওদা লয়ে, ৬. এ কোন মধুর শরাব দিলে। **শ্যামা সঙ্গীত, আগমনী ও ভজন :** ১. বলরে জবা বল কোন সাধনায়, ২. আমার ভবের অভাব লয় হয়েছে, ৩. রাঙা জবার বায়না, ৪. দেখে যারে রুদ্রাণী মা, ৫. আমার হাতে কালি মুখে কালি, ৬. তুমি বেণুকা বাজাও কার নাম লয়ে, ৭. রাধা তুলসী প্রেম পিয়াসী, ৮. চুরি ক'রে এনো গিরি আমার, ৯. জগতের নাথ কর পার হে, ১০. জাগো যোগমায়া জাগো মৃন্ময়ী। **কাজরী :** ১. গগনে কৃষ্ণমেঘ দোলে, ২. কাজরী গাহিয়া এসো গোপ ললনা, ৩. শাওন আসিল ফিরে সে ফিরে এলো না। **ঝুলন :** ১. সোনার হিন্দোলে কিশোর কিশোরী, ২. এলো শ্যামল কিশোর, ৩. আজি পিয়াল ডালে বাঁধো বাঁধো ঝুলনা। **ঝুমুর :** ১. তেপান্তরের মাঠে বঁধুহে, ২. হলুদ গাঁদার ফুল রাঙা পলাশ ফুল, ৩. মহুয়া বনে লো। **লোকসঙ্গীত :** ১. গাছের তলে ছায়া আছে, ২. কুঁচ বরণ কন্যারে তার মেঘবরণ কেশ, ৩. নদীর নাম সই অঞ্জনা, ৪. আমি কূল ছেড়ে চলিলাম ভেসে, ৫. ও কূল ভাঙা নদীরে। **ঠুমরী :** ১. মালা গাঁথা শেষ না হতে, ২. পরাণ প্রিয় কেন এলে অবেলায়, ৩. পিয়া পাপিয়া পিয়া বোলে, ৪. ছলকে গাগরী গোরী। **সাদ্রা :** ১. খেলে নন্দের আঙিনায় আনন্দ দুলাল। **নবরাগ :** ১.জাগো অরুন ভৈরব জাগো, ২. সতীহারা উদাসী ভৈরব কাঁদে, ৩. শোন ও সন্ধ্যামালতি। **নবতাল :** নবতাল (নজরুল-সৃষ্ট তাল) পর্যায়ের যে কোন ২ টি গান। **হারামনি :** ১. ফুলের জলসায় নিরব কেন কবি, ২. ভোরে ঝিলের জলে শালুক, ৩. আমি পথ মঞ্জরী, ৪. কাবেরী নদী জলে কে গো। **হিন্দি সঙ্গীত :** ১. স্যখিরি দেখতো বাগমে কামিনী। **কীর্তন :** ১. আমি কলহেরি তরে কলহ করেছি, ২. সখি সাজায়ে রাখলো পুষ্প বাসর।

## ৯. উচ্চাঙ্গ-সঙ্গীত প্রশিক্ষণ কোর্স

**ক. উচ্চাঙ্গ-সঙ্গীত (ক্রিয়াত্মক) :**

১. দশ ঠাটের পরিচয় : সার্গামগীত, লক্ষণগীত ও ছোট খেয়াল, সহজ আলাপ, বিস্তার, তান ও বাট।

২. নজরুল সঙ্গীতে বহুল ব্যবহৃত রাগ। যেমন- দেশ, ভীমপলশ্রী, বাগেশ্রী, মালকোষ, বেহাগ, মেঘ, দরবারী, আহীর ভায়রো, জৌনপুরী, মিয়াকি মল্লার, শুদ্ধ সারং, শ্যাম কল্যাণ, পিলু, ভৈরবী ইত্যাদি রাগের আলাপ বিস্তার তানসহ খেয়াল (ছোট ও বড়)।

৩. উচ্চাঙ্গ সঙ্গীতে ব্যবহৃত একতাল ও চৌতাল সম্বন্ধে ধারণা।

৪. ধ্রুপদ ও ঠুম্‌রীর দু'-একটি বন্দেশ ও প্রাথমিক ধারণা।

**খ. উচ্চাঙ্গ-সঙ্গীত (উপপত্তিক) :**

১. উপর্যুক্ত পাঠ্যক্রমের সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয় সম্বন্ধে ধারণা।

## ১০. প্রাথমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু)

১. আবৃত্তি কী? আবৃত্তি কাকে বলে? কেন আবৃত্তি শিখবো? আবৃত্তি শিখতে হলে কী কী বিষয় জানা দরকার?
২. বাক্ প্রত্যঙ্গের পরিচয়।
৩. স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ, স্বরধ্বনি, অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণ, তাড়নজাত ধ্বনি, শিস ধ্বনির অনুশীলন।
৪. স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের উচ্চারণ স্থান।
৫. আবৃত্তির জন্য বাচন ভঙ্গি।
৬. আবৃত্তির জন্য স্বরসাধন বা কণ্ঠশীলন।
৭. ছন্দ কাকে বলে? কত প্রকার ও কী কী?
৮. রস ও ভাব কাকে বলে? কত প্রকার ও কী কী?
৯. বাংলা মাস ও ঋতুর নাম, বার, দশ দিক, বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার নাম, বাংলাদেশের নদীর নাম, ফুল ও ফলের নাম, এক থেকে একশত পর্যন্ত সংখ্যার উচ্চারণ।
১০. যতি ও বিরাম চিহ্ন সম্পর্কে ধারণা ও তার ব্যবহার।
১১. জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংক্ষিপ্ত জীবনী।
১২. আবৃত্তিতে পোষাক, ভঙ্গি ও অভিব্যক্তি সম্পর্কে ধারণা।
১৩. কবি নজরুল ইনস্টিটিউট প্রকাশিত 'নজরুলের শিশু-সাহিত্য' গ্রন্থে অন্তর্ভুক্ত নজরুলের আবৃত্তিযোগ্য ১০টি কবিতা।

## ১১. মাধ্যমিক নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)

১. আবৃত্তি কী? আবৃত্তি কাকে বলে? কেন আবৃত্তি শিখবো? আবৃত্তি শিখতে হলে কী কী বিষয় জানা দরকার?
২. বাক্ প্রত্যঙ্গের পরিচয়।
৩. স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ, স্বরধ্বনি, অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণ, তাড়নজাত ধ্বনি, শিস ধ্বনির অনুশীলন।
৪. স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের উচ্চারণ স্থান।
৫. আবৃত্তির জন্য বাচন ভঙ্গি।

৬. আবৃত্তির জন্য স্বরসাধন বা কণ্ঠশীলন।
৭. ছন্দ কাকে বলে? কত প্রকার ও কী কী?
৮. রস ও ভাব কাকে বলে? কত প্রকার ও কী কী?
৯. বাংলা মাস ও ঋতুর নাম, বার, দশ দিক, বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার নাম, বাংলাদেশের নদীর নাম, ফুল ও ফলের নাম, এক থেকে একশত পর্যন্ত সংখ্যার উচ্চারণ।
১০. যতি ও বিরাম চিহ্ন সম্পর্কে ধারণা ও তার ব্যবহার।
১১. তৎসম ও বিদেশি শব্দের (বাংলায় গৃহীত) শব্দের উচ্চারণ।
১২. উচ্চারণের স্বচ্ছতার জন্য প্রয়োজনীয় অনুশীলন বা জড়তা মুক্তি চর্চা।
১৩. পাঠ কী? গদ্য পাঠ সম্পর্কে ধারণা।
১৪. উপস্থাপনা কাকে বলে? এ সম্পর্কে প্রয়োজনীয় তথ্য, বৈশিষ্ট্য ও অনুশীলন।
১৫. প্রমিত বাংলা উচ্চারণরীতি সম্পর্কে ধারণা।
১৬. জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংক্ষিপ্ত জীবনী।
১৭. অনুভূতি ও আবেগ কী?
১৮. তাল ও মাত্রা সম্পর্কে ধারণা ও অনুশীলন।
১৯. মাইক্রোফোন সম্পর্কে প্রয়োজনীয় ধারণা ও ব্যবহারের নিয়মাবলি।
২০. আবৃত্তিতে পোষাক, ভঙ্গি ও অভিব্যক্তি সম্পর্কে ধারণা।
২১. কবি নজরুল ইনস্টিটিউট প্রকাশিত ‘নজরুলের শিশু-কিশোর সাহিত্য’ গ্রন্থে অন্তর্ভুক্ত নজরুলের আবৃত্তিযোগ্য ১৫টি কবিতা।
২২. শিশু-নাটিকা : জাগো সুন্দর চির কিশোর ও পুতুলের বিয়ে।

## ১২. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু)

**ঔপপত্তিক :**

১. পরিভাষা—নৃত্য, হস্তক, মস্তক, তৎকার, তাল, তালি, খালি, সম্, লয়, ভ্রমরী।
২. মুদ্রা নিয়ে আলোচনা।
৩. তাল পরিচয়—ত্রিতাল, দাদরা, কাহারবা।

**ক্রিয়াত্মক :**

১. শরীরচর্চা করার অভ্যাস।
২. তৎকার এবং অঙ্গচালনা।

৩. মুদ্রা ও তাল হাতে দেখানো।
৪. তেহাই ও টুকরা পরিবেশনা।
৫. সৃজনশীল নৃত্য।
৬. নজরুল-সঙ্গীত-ভিত্তিক নৃত্য।

## ১৩. নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স (শিশু-কিশোর)

**ঔপপত্তিক :**

১. পরিভাষা—নৃত্য, নৃত্ত, নাট্য, গৎ, গৎভাও, তেহাই, টুকরা, সেলামী, আমদ, তোড়া, পরণ।
২. তাণ্ডব ও লাস্য সম্পর্কে জ্ঞান।
৩. নৃত্যে ঘুঙুরের প্রয়োজন সম্পর্কে আলোচনা।
৪. জীবনী—বিন্দাদীন মহারাজ, বিরজু মহারাজ।

**ক্রিয়াত্মক :**

১. ত্রিতাল, ঝাঁপতাল হাতে তালি খালি দিয়ে দেখানো।
২. সেলামী, আমদ, তেহাই, টুকরা পরিবেশন।
৩. সৃজনশীল নৃত্য।
৪. নজরুল-সঙ্গীত-ভিত্তিক নৃত্য।

**: : সমাপ্ত : :**